# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
## মুখপাত্র
## www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৬৫

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত যৌথ কমিটির প্রেজেন্টেশন প্রসঙ্গে।**

গত ১১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিজি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রতিনিধির সমন্বয়ে গঠিত যৌথ কমিটি 'Bond Market Develpoment in Bangladesh: Challenges and Policy Recommendations' শীর্ষক প্রেজেন্টেশন উপস্থাপন করেছেন। ঢাকার মতিঝিলে অবস্থিত বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে বেলা ১১:৩০ ঘটিকায় এ প্রেজেন্টেশন অনুষ্ঠান শুরু হয়। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর সভাপতিত্ব করেন এবং ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান, ডেপুটি গভর্নর জনাব নুরুন নাহার, ডেপুটি গভর্নর জনাব জাকির হোসেন চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের গভর্নরের উপদেষ্টা জনাব মোঃ আহসান উল্লাহসহ বাংলাদেশ ব্যাংকের শীর্ষ কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়াও বাংলাদেশ সিকিউরিজি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার জনাব ফারজানা লালারুখ ও বিএসইসির শীর্ষ কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

উক্ত প্রেজেন্টেশনে বাংলাদেশে বন্ড মার্কেট উন্নয়নের প্রয়োজনীয়তা ও বিদ্যমান বিভিন্ন চ্যালেঞ্জসমূহ সম্পর্কে বিস্তারিত তুলে ধরা হয় এবং চ্যালেঞ্জসমূহ মোকাবিলায় করণীয় নিয়েও বিস্তারিত উপস্থাপন করা হয়। যৌথ কমিটির পক্ষ থেকে এসময় কিছু নীতিগত সুপারিশও তুলে ধরা হয়। যৌথভাবে সকলের সমন্বিত উদ্যোগের মাধ্যমে বাংলাদেশে বন্ড মার্কেট উন্নয়নের উপর এসময় গুরুত্বরোপ করা হয়। একইসাথে যৌথ কমিটির সুপারিশ অনুযায়ী অ্যাকশন প্ল্যান তৈরি করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের বিষয়ে এসময় আলোচনা হয়। এছাড়াও জাতীয় পরিসরে দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ, বৃহৎ কর্পোরেট প্রতিষ্ঠানসমূহ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, এনবিআর, আইডিআরএ, বিএসইসিসহ সংশ্লিষ্ট সকলকে অন্তর্ভুক্ত করে এ সংক্রান্ত একটি সেমিনার আয়োজনের মাধ্যমে দেশে দীর্ঘমেয়াদী অর্থায়নের ক্ষেত্রে বন্ড মার্কেট ও পুঁজিবাজারকে ব্যবহারের বিষয়টি প্রচার ও প্রসার করার বিষয়ে অনুষ্ঠানে আলোচনা হয়।

অনুষ্ঠানে দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজারের সুযোগ ও সম্ভাবনাকে সদ্ব্যবহারের বিষয়ে আলোচনা হয়েছে। পুঁজিবাজার থেকে দীর্ঘমেয়াদী অর্থায়ন তথা পুঁজি উত্তোলনের সুযোগকে প্রাধান্য দিয়ে দেশের অর্থনীতিতে ব্যাংক ঋণের উপর মাত্রাতিরিক্ত চাপ ও ঝুঁকি হ্রাসের মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিতের বিষয়টি এ সময় আলোচনা হয়েছে। বিশেষ করে দেশের বৃহৎ কোম্পানিসমূহকে ব্যাংক ঋণের পরিবর্তে বন্ড ও সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে অর্থায়নের বিষয়টি অনুষ্ঠানে আলোচনা হয়েছে। একইসাথে, দেশে একটি প্রাণবন্ত বন্ড মার্কেট প্রতিষ্ঠা এবং বন্ড মার্কেটের তারল্য বৃদ্ধির বিষয়েও আলোচনা হয়েছে।

উল্লেখ্য, মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে গত ১১ মে ২০২৫ তারিখে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনায় পুঁজিবাজারের সঠিক অবস্থা পর্যালোচনা এবং উন্নয়নে করণীয় নিয়ে একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বিএসইসির চেয়ারম্যান মহোদয়সহ মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয় উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে প্রধান উপদেষ্টা মহোদয় পুঁজিবাজারের উন্নয়নে পাঁচটি নির্দেশনা প্রদান করেন যার মধ্যে 'দেশের বৃহৎ কোম্পানিসমূহ দীর্ঘমেয়াদি অর্থায়নের ক্ষেত্রে ব্যাংক ঋণের পরিবর্তে পুঁজিবাজারে বন্ড বা শেয়ার ছেড়ে পুঁজি সংগ্রহ করে, সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ' শীর্ষক নির্দেশনা অন্যতম। মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে পুঁজিবাজারের উন্নয়নের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে এবং নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সংস্থা ও প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় করে কার্যক্রম শুরু করেছে। উল্লেখ্য, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিজি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রতিনিধির সমন্বয়ে গঠিত যৌথ কমিটি এ বিষয়ে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করে যাচ্ছে। সমন্বিত ও যৌথ উদ্যোগের মাধ্যমে আগামীতে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস হিসেবে পুঁজিবাজারকে সম্পূর্ণরূপে বিকশিত করে দেশের পুঁজিবাজারের সাথে সাথে দেশের সামগ্রিক অর্থনীতির উন্নয়ন সম্ভব হবে বলে বিএসইসির প্রত্যাশা।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মো. মোহাইমিনুল হক
সহকারী পরিচালক(জনসংযোগ) ও সহকারী মুখপাত্র


esh vs. peer & East Asian
nomies
Share of bond Issuance (gov+corp)
in % of GDP - March 2025
Source: Asia Bond Monitor, June 2025, ADB
Deputy Governor
DATA BANK


Bond market: Bangladesh vs. peer & East Asian
Economies
Issuance of bond in Southeast Asia
(% of GDP)
Source: ADB
Source: ADB
Deputy Governor
DATA BANK